

২২টি ছাত্র সংগঠন আবার এক মঞ্চে

সাম্প্রদায়িক শক্তিকে শিক্ষাঙ্গনে
রাজনীতি করতে দেয়া হবে না

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ইসলামী ছাত্র শিবিরের হাতে জাতীয়তাবাদী ছাত্রদলের একজন কর্মীর মৃত্যুর পর গতকাল শনিবার ছাত্র সংগ্রাম পরিষদ ও সংগ্রামী ছাত্রজোটসহ ২২টি সংগঠন আহুত এক ছাত্রসভায় ঘোষণা করা হয়েছে যে, স্বাধীনতা-বিরোধী সাম্প্রদায়িক শক্তিকে

দেশের কোন শিক্ষাঙ্গনে আর রাজনীতি করতে দেয়া হবে না।

সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাহ্নেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত এই সভায় নেতৃবৃন্দ 'ঘাতক জামাত শিবির চক্রকে' সকল শিক্ষা প্রতিষ্ঠানে এক্যবদ্ধভাবে প্রতিরোধ করার আহ্বান জানান হয়। সভা থেকে ৩ দিনের শোক কর্মসূচীও ঘোষণা করা হয়।

ছাত্র সভায় ছাত্রনেতা জহিরুদ্দিন স্বপন, আসাদজ্জামান রিপন ও নাজমুল হক প্রধান বক্তব্য রাখেন। বক্তারা বলেন, স্বাধীনতার পর সাম্প্রদায়িক শক্তিকে ক্ষমা করা এবং তাদের পুনর্বাসিত করার মত ভুল দ্বিতীয়বার আর করার কোন সুযোগ নেই। তারা আরো বলেন, স্বাধীনতার সপক্ষেই ছাত্র সংগঠনগুলোর মধ্যে যতই অনৈক্য ও বিভেদ থাকুক জামাত-শিবির চক্রের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার ক্ষেত্রে আর কোন দ্বিধা-সন্দেহ অবকাশ নেই।

সভা থেকে ঘোষিত দেশব্যাপী (শেষ পৃ. ২-এর ক. দেখুন)

২২টি ছাত্র সংগঠন এক মঞ্চে

(১ম পাতার পর)

৩ দিনব্যাপী কর্মসূচীর মধ্যে রয়েছে আজ রোববার কালো পতাকা উত্তোলন ও কালোবাজ ধারণ, সোমবার সাভারে ও দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শোকসভা ও বিক্ষোভ মিছিল এবং মঙ্গলবার সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে শোকসভা ও শোক মিছিল।

উল্লেখ্য, জামাত-শিবির চক্রকে প্রতিরোধের প্রশ্নে প্রায় এক বছর আগে ২২টি ছাত্র সংগঠনের এক্য ভেঙে যাবার পর এইচক্রের হামলায় ছাত্রদল-কর্মী কবীরের মৃত্যুর পরিপ্রেক্ষিতে সংগঠনগুলো গতকাল এক মঞ্চে দাঁড়ালো।